# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 31 May, 2025

তরুণ নেতৃত্বের বিরুদ্ধে যেন আর্থিক অস্বচ্ছতার অভিযোগ না থাকে, সেদিকটি নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান।

শনিবার (৩১ মে) সকালে পরিবেশ অধিদফতর আয়োজিত 'ম্যানিফিয়েস্টো টক: ইয়ুথ, এনভাইরনমেন্ট অ্যান্ড ক্লাইমেট' শীর্ষক সংলাপে তিনি এই মন্তব্য করেন।

রিজওয়ানা বলেন, 'তরুণ নেতৃত্বের বিরুদ্ধে যেন কোনো আর্থিক অস্বচ্ছতার অভিযোগ না থাকে, সেটি নিশ্চিত করতে হবে।নতুন বাংলাদেশ গড়তে হলে তরুণদের ক্ষমতার প্রতি মোহ থেকে সরে আসতে হবে।

তিনি আরও বলেন, 'রাজনৈতিক পট পরিবর্তনের পর তরুণদের মধ্যে স্বার্থ সংশ্লিষ্ট বিষয় সামনে আসতে থাকে।তাই ব্যক্তি স্বার্থকে প্রাধান্য না দিয়ে দেশের স্বার্থে তরুণদের কাজ করতে হবে।

সংলাপে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মোহাম্মদ এজাজ বলেন, 'রাজনৈতিক ছত্রছায়ায় গত ২০ বছরে দূষণের মাত্রা ছাড়িয়েছে।জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া অসাধ্য ছিল।

অনিয়মের বিরুদ্ধে কথা বললে বাধা দেয়ার অভিযোগ করে তিনি বেলন, 'এমনকি তুলেও নিয়ে যাওয়া হতো।আমার বিরুদ্ধে চলমান ক্যাম্পেইনও তারই ধারাবাহিকতা।

উপদেষ্টা তরুণ নেতৃত্ব আর্থিক অস্বচ্ছতা রিজওয়ানা হাসান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:31

URL: https://www.timestodaybd.com/bangladesh/2986503180